দৈনিক জনকণ্ঠ

তারিখ 29 JUL 1995
পৃষ্ঠা ৪ কলাম ৬


৩৫

## শিক্ষা বোর্ডে অব্যবস্থা

ঢাকা বিভাগে একটি মাত্র মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড আছে। অথচ এই শিক্ষা বোর্ড নানা প্রকার দুর্নীতি এবং অব্যবস্থায় পরিপূর্ণ। প্রতিদিন শত শত মানুষ দেশের প্রত্যন্ত অঞ্চল থেকে এখানে আসে অত্যন্ত প্রয়োজনীয় কাজে। কিন্তু এ প্রয়োজনীয়তার গুরুত্ব বোর্ডের লোকজন বোঝে না বলেই মনে হয়। এখানে জরুরী ভিত্তিতে একটা সাময়িক সনদপত্র তুলতে তিনদিনের প্রয়োজন কিন্তু কখনও কখনও এই সনদপত্র তুলতে ১০/১৫ দিন এমনকি আরও দীর্ঘ সময়ও লেগে যায়।

এ ছাড়াও এখানে বেশ কিছু বহিরাগত দালালের খপ্পরে পড়ে টাকা-পয়সা ও কাগজপত্র দিয়ে অনেকেই হয়রানির শিকার হচ্ছেন। অপরদিকে শিক্ষা বোর্ডের উর্ধতন কর্মচারীরা সময়মতো অফিসে না আসায় তাদের একটা স্বাক্ষরের জন্য প্রতিদিন ধরনা দিতে হয় অফিসকক্ষের দ্বারে দ্বারে। তাদের আচার-ব্যবহারও তেমন সুবিধার নয়।

ফলে দূর-দূরান্ত থেকে অতীব প্রয়োজনীয় কাজে এসে এখানে নানা বিপত্তিতে পড়তে হয়। শিক্ষা বোর্ডে এ অবস্থা চলতে



থাকলে দেশের অন্য প্রতিষ্ঠানগুলো চলবে কিভাবে? কাজেই শিক্ষা বোর্ডকে অব্যবস্থার হাত থেকে রক্ষা করার জন্য শিক্ষা মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

মুকিদ
নটরডেম কলেজ
ঢাকা-১০০০।